



উগ্রবাদী হামলার আশঙ্কায় প্রধান স্থাপনাগুলোতে নজরদারির নির্দেশ



ছবি: সংগৃহীত

নিষিদ্ধ ঘোষিত একটি উগ্রপন্থী সংগঠনের সম্ভাব্য নাশকতা পরিকল্পনার প্রেক্ষিতে দেশের গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোতে সতর্কতা জোরদার করা হয়েছে।

এ বিষয়ে পুলিশ সদর দপ্তর থেকে রেঞ্জ ডিআইজি, মহানগর পুলিশ কমিশনার এবং সব জেলার পুলিশ সুপারসহ সংশ্লিষ্ট ইউনিটগুলোকে নির্দেশনা দিয়ে চিঠি পাঠানো হয়েছে। সেখানে উল্লেখ করা হয়, সম্প্রতি গ্রেপ্তার হওয়া সংগঠনটির সদস্য ইসতিয়াক আহম্মেদ সামী, যিনি আবু বক্কর ও আবু মোহাম্মদ নামেও পরিচিত, তার সঙ্গে একটি বাহিনীর বরখাস্ত হওয়া দুই সদস্যের নিয়মিত যোগাযোগের তথ্য পাওয়া গেছে।

গোয়েন্দা তথ্য বলছে, এই চক্রটি জাতীয় সংসদ ভবন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর স্থাপনা ও সদস্য, ধর্মীয় উপাসনালয়, বিনোদনকেন্দ্র এবং শাহবাগসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে হামলার পরিকল্পনা করতে পারে। বোমা হামলার পাশাপাশি দেশীয় ধারালো অস্ত্র বা আগ্নেয়াস্ত্র ব্যবহারের আশঙ্কাও উড়িয়ে দেওয়া হচ্ছে না। এমনকি বিভিন্ন বাহিনীর অস্ত্রাগারেও হামলার চেষ্টা হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

আইনশৃঙ্খলা বাহিনীর মূল্যায়নে, সংশ্লিষ্টরা দেশের নিরাপত্তার জন্য বড় ধরনের ঝুঁকি তৈরি করছে। এ কারণে গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোতে নজরদারি বাড়ানো, নিরাপত্তা জোরদার করা এবং সন্দেহভাজনদের বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।